

আপনার বাসস্থান কি অনিশ্চিত?

আপনি কি
কোনো অস্থায়ী
ঠিকানায় বাস
করেন?

আপনার
স্কুল সংক্রান্ত
গুরুত্বপূর্ণ
অধিকারগুলি
আছে!

আপনি কি বাস করছেন...

- আত্মীয়, বন্ধু বা অন্যদের সঙ্গে, যেহেতু আপনি আপনার বাসস্থান হারিয়েছেন অথবা আর্থিক সমস্যার কারণে?
- কোনো আশ্রয়ে আছেন?
- আপনার অন্য কোথাও যাওয়ার জায়গা না থাকার কারণে কোনো মোটেল বা হোটেলে আছেন?
- কোনো অপরিষ্কার বাসস্থানে আছেন?

সেই ক্ষেত্রে আপনি ম্যাককিনি-ভেন্টো আইন (MCKINNEY-VENTO ACT)-এর অধীনে সুরক্ষিত হতে পারেন!

অস্থায়ী বাসস্থানে বসবাসকারী শিশু ও যুবকদের নিম্নলিখিত অধিকারগুলি আছে:

- প্রি-কে সহ একই স্কুলে থাকা এবং বিনামূল্যে যাতায়াতের পরিবহন পাওয়া, এমন কি তা যদি ডিস্ট্রিক্ট লাইনগুলি পেরিয়ে হয় তাহলেও;
- রেকর্ড ছাড়াই অবিলম্বে স্কুলে নাম লেখানো (স্কুলের রেকর্ড, চিকিৎসার রেকর্ড, টিকাকরণের রেকর্ড, বসবাসের প্রমাণ);
- ছাত্রছাত্রীর যদি চলতি ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা (Individualized Education Plan (IEP)) থাকে, তাহলে অবিলম্বে বিশেষ শিক্ষা পরিষেবাগুলি পাওয়া;
- স্কুলের যে কোনো কার্যকলাপে পূর্ণরূপে অংশ নেওয়া, স্কুলের আগের বা পরের কার্যকলাপগুলি সহ;
- পুরো শিরোনাম। ধরে সহায়তামূলক পরিষেবা ও সহায়তা পাওয়া, যেমন স্কুলের সামগ্রীগুলির সরবরাহের ক্ষেত্রে;
- কোনো আবেদন পূরণ করা ছাড়াই বিনামূল্যে স্কুলের খাবার পাওয়া;
- প্রি-কে, হেড স্টার্ট, অন্যান্য প্রি-স্কুল প্রোগ্রামগুলি এবং আর্লি ইন্টারভেনশনে নাম লেখানোর ক্ষেত্রে সাহায্য পাওয়া; এবং
- কলেজে ভর্তির প্রস্তুতি নিতে ও আবেদন করতে সহায়তা পাওয়া।

আপনার ম্যাককিনি-ভেন্টো সমন্বয়কারীর কাছে সাহায্য চান!



আপনি কি জানেন?

প্রতিটি স্কুল জেলায় ছাত্রছাত্রীদের
অস্থায়ী বাসস্থানের ক্ষেত্রে সাহায্য
করার অবশ্যই একজন ম্যাককিনি-
ভেন্টো সংযোগকারী থাকতে হবে।

সহায়তার জন্য:

- ম্যাককিনি-ভেন্টো সংযোগকারী

যদি ফাঁকা থাকে, তাহলে সংযোগ সংক্রান্ত তথ্যের জন্য
800-388-2014 নম্বরে NYS-TEACHS
এর সঙ্গে যোগাযোগ করুন
অথবা www.nysteachs.org/liaison দেখুন

- গৃহহীনদের শিক্ষার জন্য নিউ ইয়র্ক
স্টেট সমন্বয়কারী (New York State
Coordinator for Homeless
Education)
মেলানি ফেবি
ইমেল: melanie.faby@nysed.gov
ওয়েব: [www.p12.nysed.gov/
accountability/homeless](http://www.p12.nysed.gov/accountability/homeless)

আরো তথ্যের জন্য; ফোন করুন
NYS-TEACHS 800-388-2014
www.nysteachs.org



NYS-TEACHS
NEW YORK STATE TECHNICAL AND EDUCATION
ASSISTANCE CENTER FOR HOMELESS STUDENTS